ডায়েরী নং ৪৪৭০ তারিখ ১৪/৫/১৮
আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

*ISO 9001, ISO 14001 &*
*OHSAS 18001 Certified*

# সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

# সূচিপত্র

উপক্রমণিকা

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন-১ : সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য, কার্যাবলি

সেকশন-২ : কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী-১ : শব্দ সংক্ষেপ

সংযোজনী-২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার।
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

## উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে:-

সভাপতি, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ১৪ তারিখে

এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্মলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার।
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

# সিরাজগঞ্জ পবিস-১ এর র্কমসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Sirajgonj PBS-1)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮)**

সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া, শাহজাদপুর, রায়গঞ্জ, তাড়াশ উপজেলার সমন্বয়ে ১৩০৪ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে সিরাজগঞ্জ পবিস-১ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে সিরাজগঞ্জ পবিস-১ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সিরাজগঞ্জ পবিস-১ এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ (২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮) নিম্নরূপঃ

| অর্থবছর | গ্রাহক সংযোগ | নির্মিত লাইন | বকেয়া মাস | সিষ্টেম লস |
|---|---|---|---|---|
| ২০১৫-২০১৬ | ৭২০০৪ | ১৮৩৭.৫৩৪ কিঃমিঃ | ১.১৩ | ১০.৩১ |
| ২০১৬-১৭ | ১০০১১১ | ৫৮০.৩৯৩ কিঃমিঃ | ১.০০ | ৯.৮৬ |
| ২০১৭-১৮( এপ্রিল-১৮ পর্যন্ত) | ৭৭৯১১ | ৬৪১.৫৬০কিঃমিঃ | ১.৪৩ | ৭.২২ |

গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়ের লক্ষ্যে এপ্রিল ২০১৮ খ্রিঃ পর্যন্ত ৫১২৫.৭৭৩ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। এপ্রিল,২০১৮ খ্রিঃ পর্যন্ত ৩৮২০৬৯ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের ৯ টি উপকেন্দ্র(৩৩/১১ কেভি সাবস্টেশন উল্লাপাড়া-১ ২৫ এমভিএ, উল্লাপাড়া-২ ১০ এমভিএ, উল্লাপাড়া-৩ ১০ এমভিএ, রায়গঞ্জ-১ ১০এমভিএ, তাড়াশ-১ ২০ এমভিএ, তাড়াশ-২ ১০ এমভিএ, শাহজাদপুর-১ ২৫ এমভিএ, শাহজাদপুর-২ ১৫ এমভিএ,শাহজাদপুর-৩ ১০-এমভিএ ) রয়েছে যার সম্মিলিত ক্ষমতা ১৩৫ এমভিএ। বর্তমানে তাড়াশ উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে এবং রায়গঞ্জ উপজেলা শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হবার দ্বারপ্রান্তে রয়েছে।।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ**

০১। অত্র পবিসের আওতায় দ্রত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। অত্র পবিসের পিক লোড ৮১ মেঃওঃ। চলতি গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেওয়া যাবে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। সিরাজগঞ্জ গ্রীডের তাড়াশ ৩৩ কেভি ফিডারে সংযুক্ত ১৩২/৩৩ কেভি পাওয়ার ট্রান্সফরমারটি অতি পুরাতন ও ট্যাপ চেঞ্জার ক্রটিপূর্ণ হওয়ায় সম্পূর্ণ লোড নেওয়া সম্ভব হয় না। তাছাড়া সমিতির ৫২৬০ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে যা শতভাগ বিদ্যুতায়নের ফলশ্রতিতে আরো বৃদ্ধিপ্রাপ্ত হবে। গাছ-গাছালিসমৃদ্ধ হাওড় ও বিল এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। সমিতিকে নিয়মিত বিশেষ করে বর্ষা মৌসুমে যমুনার হুমকি মোকাবিলা করে বিদ্যুৎ সরবরাহ সচল রাখতে হয়।

০২।সমিতির ভৌগোলিক এলাকার অধিকাংশ জুন মাস থেকে সেপ্টেম্বর ইং মাস পর্যন্ত চলনবিল ও যমুনার পানিতে ডুবে থাকে। ফলতঃ উদ্ভূত পরিস্থিতিতে এসময় প্রায় সকল ধরনের কাজ কর্মে ব্যাঘাত ঘটে।এ সময় অনেক এলাকার যাতায়াত এর একমাত্র মাধ্যম নৌকা হওয়ায়, যাতায়াত খরচ বেড়ে যায়। গ্রাহক দ্বারপ্রান্তে পৌছানো ও যথাযথভাবে সেবা প্রদানে ভীষণ জটিলতা ও বড় ধরনের চ্যালেঞ্জ এর সম্মুখীন হতে হয়।

০৩। সেচ প্রবণ এলাকা হওয়ায়, এবং প্রায় ১২০০০ সেচ সংযোগ এর মধ্যে ৭০০০ সেচ গ্রাহকদের প্রতিবছর জানুয়ারীতে পূণঃসংযোগ প্রদান, ট্রান্সফরমার উঠানো, উক্ত ট্রান্সফরমার সমূহ প্রিভেন্টিভ কাজ করা আবার পূনরায় মে/জুন মাসে উক্ত সংযোগ বিচ্ছিন্ন করা, ট্রান্সফরমার নামানো প্রভৃতি কাজে প্রচুর সময় ও শ্রম ব্যয় হয়। ফলতঃ উক্ত সময়ে অন্যান্য কাজসমূহের অগ্রগতি ব্যাহত হয়। সেচ সংযোগের অধিকাংশই ৫ অশ্বশক্তি লোড সম্পন্ন অগভীর নলকূপ। এসব সেচ সংযোগে বিইআরসি এর নিয়মানুযায়ী পিএফ মাশুল আরোপযোগ্য না হওয়ায়, সেচ গ্রাহকসমূহের মধ্যে ক্যাপাসিটর ব্যাবহারের অনীহা দেখা যায়। অধিকসংখ্যায় সেচ হওয়ায়

(...লাল আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার।
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি,সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

অনবরত মনিটরিং এ রাখাও কঠিন হয়ে পড়ে। ফলতঃ সঠিক মানের ক্যাপাসিটর ব্যাবহার না করায় সিস্টেম লস এসময় বৃদ্ধিপ্রাপ্ত হয়। ফলতঃ পিটিএ টার্গেট অর্জনে চ্যালেঞ্জ এর সম্মুখীন হতে হয়।

০৪। ইউনিট প্রতি বিদ্যুতের বিক্রয়মূল্য ব্যয়ের তুলনায় কম হওয়ায় সমিতির তারল্য সংকট প্রবল হচ্ছে। সমিতির তারল্য সংকট এর কারনে বিভিন্ন ধরনের প্রয়োজনীয় কার্যক্রমে অর্থ ব্যয় করতে হিমশিম খেতে হয়। কম মূল্যহারের সেচ ও আবাসিক গ্রাহক বেশী হওয়ায় সমিতির বিদ্যুৎ বিক্রয়লব্ধ অর্থ হতে বিদ্যুৎ ক্রয়মুল্য ও বেতনাদি পরিশোধের পর অন্যান্য খরচের জন্য খুবই নমিনাল পরিমাণ অর্থ অবশিষ্ট থাকে। তাছাড়া, সম্প্রতি শতভাগ বিদ্যুতায়নের কারনেও সমিতির ফান্ড ব্যাবহার করে মালামাল ক্রয় করে সরকারের মহতী উদ্যোগকে সার্থক করার প্রচেষ্টা রয়েছে। কিন্তু তারল্য সংকট এর কারনে বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কর্মকান্ড বাধাগ্রস্থ হচ্ছে। সার্ভিস বেনিফিট সংক্রান্ত এবং অন্যান্য ফান্ড সমূহে প্রয়োজন অনুযায়ী অর্থ জমা রাখা সম্ভব হচ্ছে না। ফান্ড ঘাটতি সৃষ্টি হচ্ছে। সম্প্রতি বছর সমূহে সমিতির লোকসান বৃদ্ধি পেয়েছে। নতুন গ্রাহকসমূহের বিদ্যুতায়নের সুফল হিসেবে দীর্ঘমেয়াদে সমিতি লোকসান কমিয়ে আনতে পারবে বলে প্রত্যাশা করা যায়। কিন্তু, সে সময় পর্যন্ত সমিতির তারল্য সংকট কিছুটা অব্যাহত থাকবে, বকেয়া আদায় কার্যক্রম ত্বরান্বিত করার মাধ্যমে তা কিছুটা হ্রাস করা সম্ভব হলেও পুরোপুরি কাটিয়ে উঠতে ৫-৬ বছর বা তার বেশী সময় লাগবে। ফলতঃ এসময় কালে তারল্য সংকটের কারনে ঋণের সুদ ও মূলধন পরিশোধ এবং প্রদেয় হিসাব সমুহের পরিমাণ ১.০০ সমমাসের মধ্যে রাখা কঠিন হয়ে পড়বে।

০৫। সমিতির ভৌগলিক এলাকা তাতশিল্প প্রধান এলাকা। তাতশিল্প প্রধান উপজীবিকা। অনেক গ্রাহক আবাসিক সংযোগ হতে পাওয়ার লুমে বিদ্যুৎ ব্যাবহার করে। এসব গ্রাহকগণকে প্রচারনার মাধ্যমে শিল্প সংযোগ গ্রহণে উৎসাহিত করা হলেও তারা অধিকাংশ ক্ষেত্রেই শিল্প সংযোগ গ্রহণ করেন না। গ্রামীন অর্থনীতির প্রেক্ষাপট বিবেচনায় ও বাস্তব পরিস্থিতিতে অধিকাংশ ক্ষেত্রেই সংযোগ বিচ্ছিন্ন করা সম্ভব হয় না। এসব গ্রাহকগণকে পূর্বানুমোদিত বোর্ড প্রস্তাব এর ভিত্তিতে বাণিজ্যিক হারে বিল করা হয়। কিন্তু, এ সমস্ত সংযোগে ক্যাপাসিটর ব্যাবহৃত হয় না। এছাড়া, স্থাপিত ট্রান্সফরমার সমূহ ওভারলোড হয়ে যায়। ফলতঃ সিস্টেম লসের উপর প্রভাব পড়ে।

০৬। এলাকার গ্রাহকসমূহকে বিভিন্নভাবে সচেতন করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এলাকার অনেক নতুন সংযোগ প্রত্যাশি লোক অসচেতন হওয়ায় কিছু অসাধূ চক্রের সৃষ্ট জটিলতায় সংযোগ প্রক্রিয়া অনেক সময় বাধাগ্রস্থ হচ্ছে। সমস্ত প্রকার অসাধু চক্রের ষড়যন্ত্রকে রুখে দিয়ে শতভাগ বিদ্যুতায়নের প্রচেষ্টা চলছে। গ্রাহক অসচেতনতার কারনে সমিতির অফিস ব্যাতীত অন্যান্য কিছু বিল আদায় পয়েন্টে বিদ্যুৎ বিল পরিশোধের ক্ষেত্রে গ্রাহককে প্রতারনার স্বীকার হতে হচ্ছে। ফলতঃ গ্রাহক অসন্তোষ বৃদ্ধি পাচ্ছে। এসমস্ত বকেয়া আদায়ে জটিলতার সম্মুখীন হতে হচ্ছে। বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারনা চালিয়ে এ সমস্ত সমস্যা সমাধানের জোর প্রচেষ্টা চলছে।

০৭। বিল ও বর্ষাপ্রবণ এলাকা হওয়ায় ঝড়-বৃষ্টির সময় রাতে লাইন ফল্ট হলে ফল্ট নিরসন করে বিদ্যুৎ সরবরাহ সচল করা কঠিন হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

গ্রাহকগনের চাহিদা পূরনের লক্ষ্যে সমিতির দক্ষ জনশক্তি এবং নিজস্ব ও প্রাপ্ত সম্পদের সঠিক ব্যাবহারের মাধ্যমে সাশ্রয়ী ও গুনগত মানের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের রুপকার হিসেবে বিদ্যুৎ সরবরাহে বাংলাদেশের মডেল প্রতিষ্ঠান হওয়ার সর্বাত্বক প্রচেষ্টায় সমিতি নিয়োজিত থাকবে। এই লক্ষ্যে-

ক) যত দ্রুত সম্ভব সমিতির ভৌগোলিক এলাকার সকল গ্রামে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা।

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড

খ) সমিতিকে লোকসানমুক্ত করার নিমিত্তে সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রাখা। ব্যয় নিয়ন্ত্রণের মাধ্যমে পরিচালন ও রক্ষনাবেক্ষন ব্যয় কমিয়ে আনা হবে। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে যথাযথ সিডিউল প্রস্তুত করা হবে।

গ) আইএসও সনদ অর্জন করা।

ঘ) আরআরডিপি-২ প্রকল্পের আওতায় নির্মাণাধীন ২টি সাবস্টেশন (প্রতিটি ১০ এমভিএ) শাহজাদপুর-৫(তালগাছি) ও উল্লাপাড়া-৫ (বোয়ালিয়া) এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে গ্রাহক সেবার মান আরো উন্নীত করা ও সিস্টেম লস কমিয়ে আনা হবে।

ঙ) গ্রাহকপ্রান্তে প্রিপেইড মিটার স্থাপনের মাধ্যমে সিস্টেম লস ও বকেয়া মাসের পরিমাণ কমিয়ে আনা।

**২০১৮-২০১৯ইং অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

০১। শতভাগ গ্রাহকের নিকট সহজে সেবা পৌছে দেয়ার নিমিত্তে বিভিন্ন কার্যক্রম গ্রহণ।

০২। পবিসের আর্থিক সক্ষমতা বৃদ্ধি।

০৩। বকেয়া মাস ১.০০ অর্জন করা।

০৪। সিস্টেম লস সিঙ্গেল ডিজিট এর মধ্যে সীমিত রাখা।

০৫। গ্রাহক সেবা সহজীকরন।

০৬।নতুন দুটি সাবস্টেশনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ শুরু।

০৭। প্রিপেইড মিটার স্থাপন।

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

## সেকশন ১

সিরাজগঞ্জ পবিস-১ এর রূপকল্প (vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

**১.১ রূপকল্প (vision)** সিরাজগঞ্জ পবিস-১ এর আওতাধীন সকল জনগনকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)** ২০১৮-২০১৯ ইং সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic Objective)

০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।

০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।

০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি বৃদ্ধি।

০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

### ১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।

০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।

০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।

০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।

০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।

০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ . কার্যাবলি (Functions)

০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারনের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।

০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।

০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।

০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।

০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।

০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।

০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।

০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ত্ব মুক্তকরণ।

০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।

১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।

১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠ কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা ।

১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।

১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিতকরণ।

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার।
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, সমিতি বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শাহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড,

সেকশন-২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮* (এপ্রিল,১৮ ইং পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিচে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর-৮০) | | | | | | | | | | | | | | |
| | | | 1. System Loss Billing Meter [ % ] (w/o resale) | % | ২৬ | ৯.৮৬% | ৭.২২% | ৮.৭৫% | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৫ | ১.০০ | ১.৪৩ | ১.০০ | | | | | | |
| | | | 3. Collection Bill(CB) Ratio (%) (without GOB rebate & | % | ১ | ১০০.৫০% | ৯৫.০৯% | ৯৯% | | | | | | |
| | | | 4. Payment of debt service liability (Tk` 000) | Tk | ৭ | ৩০০০০ | ২০০০০ | ১০০০০০ | | | | | | |
| | | | 5. O & M EXP. (EX. PC , Depre. Int. & Pro. Uncoll. AMT.)(TK) / Kwh Sold (w/o resale) | Tk | ৪ | ১.০৭ | ০.৯১ | ১.০৫ | | | | | | |
| | | | 6. Rev. / KM of Line w/o resale (TK)` 000 | Tk | ১ | ৩৫০.০০ | ২৯১ | ৩৭৫ | | | | | | |
| | | | 7.Ratio of inspection & maintenance of Distri. line against Ener. line (KM) | % | ১ | ৫৭.৩১% | ৩০.৩১% | ১০০% | | | | | | |
| | | | 8. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৫.৭৫% | ৩.৫৪% | ৪.০০% | | | | | | |
| | | | 9.Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১১৪.৮০% | ৮৯% | ১০০% | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২০২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮* (এপ্রিল,১৮ ইং পর্যন্ত) | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিচে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ (মোট নম্বর-৮০) | | | | | | | | | | | | | | |
| | | | 10. Store Management Performance: | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | b. Timely Closeout of Mini & Force Work Order | % | ১ | ৯৫.২১% | ৯২% | ৯০% | | | | | | |
| | | | 11. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ৭৬.৬৭% | ১০০% | | | | | | |
| | | | 12.Improvement of Power Factor | | ১ | ০.৯৫ | ০.৯৫ | ০.৯২ | | | | | | |
| | | | 13. Action on Meter Report | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 14. Average Training hour per Employee (Hours) | Hour | ২ | ৮০.৭৭ | ৫৬.৭৮ | ৭৫ | | | | | | |
| | | | 15. Timeliness to attend Consumer,s complain | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | |
| | | | 16. No. of Public Hearing | | ২ | n/a | n/a | ৫০ | | | | | | |
| | | | 17. System Average Interruption Duration Index (SAIDI) | Minute | ২ | ১২৩.৫২ | ৭২.৯৭ | ৮০০ | | | | | | |
| | | | 18. System Average Interruption Frequency Index (SAIFI) | Times | ২ | ১.৪০৮৩ | ০.৮০৪৫ | ৫০ | | | | | | |
| | | | 19.% of overloaded Transformer ag. total installed | % | ১ | ১.৫৬৭% | ০% | ০.২০% | | | | | | |
| | | | 20.% of New Connected Consumer | % | ২ | ১০০% | ৯৯.৩৭% | ১০০% | | | | | | |
| | | | 21.Accounts Payable | Month | ১ | ২.৬৯ | ২.৮০ | ১.০০ | | | | | | |
| | | | 22. Inter-PBS transaction | % | ৪ | n/a | n/a | ৯০% | | | | | | |

# বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর- ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২৪ জুলাই, ২০১৮ | ২৯ জুলাই, ২০১৮ | ৩০ জুলাই, ২০১৮ | ৩১ জুলাই, ২০১৮ | ০১ আগস্ট, ২০১৮ |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৬ জানুয়ারি, ২০১৯ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত * | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত ** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি নিশ্চিতকরণ | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৫ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ব্রডসীট জবাব প্রেরিত | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (Poor) ৬০% |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ মার্চ, ২০১৯ | ১৫ এপ্রিল, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, সভাপতি, সিরাজগঞ্জ পবিস-১ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, সিরাজগঞ্জ পবিস-১ -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষী:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৪/০৬/২০১৮ খ্রিঃ

................................................

জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

................................................

সভাপতি
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

................................................

পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

................................................

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

## সংযোজনী -১

শব্দ সংক্ষেপ

(Acronyms)

| | |
|---|---|
| বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| APA | Annual Performance Agreement |
| PI | Performance Indicator |
| পবিস/ পিবিএস | পল্লী বিদ্যুৎ সমিতি |
| পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| KVA | কিলোভোল্ট এম্পিয়ার |
| KV | কিলোভোল্ট |
| MW | মেগাওয়াট |
| MVA | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |
| SAIFI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ফ্রিকোয়েন্সি ইনডেক্স |
| DSL | ডেবট সার্ভিস লায়াবিলিটি |
| KM | কিলোমিটার |
| ERC | Equipment Record Card |
| NIS | National Integrity Strategy (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| ই-সার্ভিস | ইলেক্ট্রনিক সার্ভিস |
| ROW | রাইট-অব-ওয়ে (পথস্বত্ব পরিষ্কার) |
| DNP | Disconnection for Nonpayment |
| TMLM | Transformer Maintenance & Load Management |
| SIP | Small Improvement Project |
| E-Filing | Electronic filing |

(হাসান আহমেদ মজুমদার)
জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পবিস-১

(মোঃ আনোয়ার হোসেন)
সভাপতি, পরিচালনা বোর্ড
সিরাজগঞ্জ পবিস-১

মোঃ শহিদুল করিম
পরিচালক
পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ প্রঃ) পরিদপ্তর
বাপবিবোর্ড, ঢাকা।

(খালেদা পারভীন)
সচিব, বাপবিবোর্ড

## সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ।

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সিস্টেম লস হ্রাস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে সমিতিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, কমপ্লেইন রেজিস্টার, ট্রেনিং ম্যানুয়াল ও রেজিস্টার | |
| ২। | বকেয়া মাস | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বাপবিবো,র বকেয়া হ্রাসকরণ | বিআরইবি, কৃষি ও ধর্ম মন্ত্রণালয় ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৩। | নতুন বিদ্যুৎ সংযোগ | বিদ্যুতায়নের মাধ্যমে নতুন সংযোগ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৪। | গড় প্রশিক্ষণ প্রদান | বিদ্যুৎখাতে দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যে পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৫। | SAIDI, SAIFI | গ্রাহকের নিকট নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৬। | Consumer Complain | গ্রাহক অভিযোগ প্রতিকার বাস্তবায়ন | বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৭। | Accounts Payable | নির্ধারিত সময়ের মধ্যে বিপিডিবি ও পিজিসিবি,র বিল পরিশোধকরণ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |
| ৮। | Payment of DSL | যথাসময়ে বাপবিবো,র ঋণের কিস্তি পরিশোধ | পল্লী বিদ্যুৎ সমিতি | | |

## সংযোজনী-৩

কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিপিডিবি | বিদ্যুৎ ক্রয় | সিস্টেম লস | বিদ্যুৎ সরবরাহ | বিপিডিবি হতে পবিস বিদ্যুৎ ক্রয় করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না। |
| পিজিসিবি | বিদ্যুৎ সরবরাহ | সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন | বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে,ব্রেকার সংযোজন | পিজিসিবি বিদ্যুৎ সঞ্চালন করে থাকে ও উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি করে। | গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা যাবে না ও নতুন সাবষ্টেশনে বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে না। |
| স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক | বকেয়া আদায় | সমমাস | সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে বকেয়া আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি,র বিল পূরণে ব্যর্থ হবে। | বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| ব্যাংক, UIC, টেলিটক | বিল কালেকশন | % | সঠিক সময়ে বিল আদায় কার্যক্রমে অংশগ্রহণ | গ্রাহকের নিকট হতে সঠিক সময়ে বিল আদায় করা না গেলে পবিসসমূহ আর্থিকভাবে অসচ্ছল হয়ে পড়বে, পিডিবি/পিজিসিবি,র বিল পূরণে ব্যর্থ হবে। | বিল কালেকশন ও বকেয়া মাসের লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| কৃষি মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | কৃষি মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | তারল্যের উপর প্রভাব ফেলায় চলতি দায় সমূহ পরিশোধের উপর প্রভাব ফেলবে বকেয়া আদায়ের লক্ষ্যমাত্রায় প্রভাব ফেলবে। |
| ধর্ম মন্ত্রণালয় | রিবেটের অর্থ পরিশোধ | বকেয়া মাস | রিবেটের অর্থ পরিশোধ | ধর্ম মন্ত্রণালয় রিবেটের অর্থ পরিশোধ করে থাকে। | |